যুগান্তর

তারিখ: 18 JUL 2016
পৃষ্ঠা: ... কলাম: ...

# নোবিপ্রবিতে চার শিক্ষকের সিট বাতিল

## শিক্ষার্থীদের পাঠদান বন্ধ

**স্টাফ রিপোর্টার,** *নোয়াখালী*

নোবিপ্রবির ৪ জন শিক্ষকের আবাসন সিট বাতিল ও বিভাগীয় চেয়ারম্যানকে তার পদ থেকে অব্যাহতি দেয়ায় ৬ দিন ধরে মাইক্রোবায়োলজি বিভাগের ৩৫০ জন শিক্ষার্থীর পাঠদান বন্ধ রয়েছে। সিট বাতিলকৃত বিভাগের শিক্ষকরা হলেন মীর সালমা আক্তার, অবন্তী বড়ুয়া, ফারজানা এতেৰ্ছাম ও অরপিতা রায়। ক্ষমতার অপব্যাবহার করে শিক্ষকদের সিট বাতিল ও চেয়ারম্যানকে অব্যাহতি দেয়া হয়েছে এমন অভিযোগ করে রোববার ৩৫০ শিক্ষার্থী একটি স্মারকলিপি ভিসিকে দিয়েছেন। শিক্ষার্থীদের অভিযোগ— বিভাগীয় চেয়ারম্যান রুহুল আমিনকে পদ থেকে অব্যাহতি দিয়ে ভিসি ক্ষমতার অপব্যবহার করে নিজেই এই পদে দায়িত্ব পালন করছেন। ভিসি ক্ষমতার অপব্যবহার করে ওই শিক্ষকদের রুমের সিট বাতিল করেছেন। একইসঙ্গে চেয়ারম্যানকে তার পদ থেকে সরিয়ে দিয়েছেন। আগামী ৪ দিনের মধ্যে চেয়ারম্যানকে স্বপদে বহাল ও শিক্ষকদের আবাসিক এলাকায় সিটের ব্যবস্থা না করলে ভিসির পদত্যাগ দাবিতে কঠোর আন্দোলনের হুমকি দেন শিক্ষার্থীরা।